**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-৩১

তারিখ ঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৬
০২ ডিসেম্বর ২০১৯

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**রপ্তানি মূল্য অপ্রত্যাবাসন থাকা অবস্থায় রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার আবেদন বিবেচনা প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত এফই সার্কুলার নং ৩০, তারিখ নভেম্বর ১১, ২০০১, এফই সার্কুলার নং ৩১, তারিখ ডিসেম্বর ২৭, ২০০১ ও এফই সার্কুলার নং ৩০, তারিখ আগস্ট ১৬, ২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক রপ্তানিমূল্য আংশিক/সম্পূর্ণ অপ্রত্যাবাসিত (ওভারডিউ) থাকার ক্ষেত্রে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা পরিশোধের বিষয়ে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে স্পষ্টিকরণ করা হলো ঃ

ক) রপ্তানিকারক প্রতিষ্ঠানের কোন রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত (যে কোন ব্যাংকে) থাকলে রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত হওয়ার তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ২ বছর (৭২০ দিন) পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের অন্যান্য প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার জন্য দাখিলকৃত আবেদনপত্র সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক প্রক্রিয়াকরণ ব্যতীত শুধুমাত্র গ্রহণ করা যাবে।

খ) রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত থাকাকালীন উপরোক্ত 'ক' উপঅনুচ্ছেদ অনুযায়ী গ্রহণকৃত (অপ্রক্রিয়াকৃত) আবেদনপত্র নিম্নোক্ত বিষয় পরিপালন নিশ্চিত হওয়া সাপেক্ষে প্রক্রিয়াকরণ করা যাবে ঃ

(i) সংশ্লিষ্ট সময়ের অপ্রত্যাবাসিত রপ্তানিমূল্য যথাযথভাবে প্রত্যাবাসিত হওয়া; অথবা

(ii) বাংলাদেশ ব্যাংক/ডিসকাউন্ট কমিটি কর্তৃক অপ্রত্যাবাসিত রপ্তানিমূল্য প্রত্যাবাসনের সময় বৃদ্ধি/নিয়মিতকরণের অনুমোদন থাকা ; এবং

(iii) বাংলাদেশ ব্যাংক/ডিসকাউন্ট কমিটি প্রদত্ত অনুমোদন পত্রের নির্দেশনা/শর্ত পরিপালন।

গ) অপ্রত্যাবাসিত রপ্তানিমূল্য যথাযথভাবে প্রত্যাবাসিত হওয়ার পর প্রযোজ্য বিধিবিধান পরিপালন সাপেক্ষে উক্ত মূল্যের বিপরীতে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার আবেদনপত্র দাখিলযোগ্য হবে। তবে আবেদনপত্র দাখিলের সময়ে কোন রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত থাকলে উপরোক্ত 'ক' ও 'খ' উপঅনুচ্ছেদের নির্দেশনা দাখিলকৃত উক্ত আবেদনপত্রের জন্য প্রযোজ্য হবে।

ঘ) অপ্রত্যাবাসিত রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় বৃদ্ধি করার ক্ষেত্রে বর্ধিত সময়ের মধ্যে সম্পূর্ণ রপ্তানিমূল্য প্রত্যাবাসিত না হলে নির্ধারিত সময়ের পরবর্তী তারিখ হতে উক্ত রপ্তানিমূল্য যথারীতি অপ্রত্যাবাসিত মর্মে গণ্য হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩